

এমপিওভুক্তির দাবিতে মাধ্যমিক শিক্ষকের অনশন

নিজস্ব বার্তা পরিবেশক

বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ের অতিরিক্ত শ্রেণী শাখার এমপিও বঞ্চিত শিক্ষকদের দ্রুত এমপিওভুক্তির দাবিতে অনশন কর্মসূচি চলছে।

গতকাল থেকে জাতীয় প্রেসক্লাবের সামনে এমপিও বঞ্চিত শিক্ষকরা অনির্দিষ্টকালের অনশন কর্মসূচি পালন করছেন।

কর্মসূচিতে বক্তারা বলেন, যে সমস্ত বিদ্যালয়ের ছাত্রছাত্রী ক্রমা সংখ্যার তুলনায় অনেক বেশি, সেই সমস্ত বিদ্যালয়ে দুই বছর এমপিও না নেয়ার শর্তে বাংলাদেশের কিছু সংখ্যক বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়ে অতিরিক্ত শ্রেণী শাখা খোলার অনুমোদন দেয়া হয়। যার প্রজ্ঞাপন নং যথাক্রমে শিক্ষা মন্ত্রণালয়ের প্রজ্ঞাপন নং- শিম/শাখা-১১-৭-৬৭-২০১০/৩৯০ তারিখ ১৮/০৮/২০১১, প্রজ্ঞাপন নং- শিম/শাখা-১১-৭-৬৭-২০১০ তারিখ ০৬-০৯-২০১১ এবং প্রজ্ঞাপন নং-শিম/শাখা-১১-৭-৬৭-২০১০/(অংশ)/৪৪৬ তারিখ ২৭-০৯-২০১১। প্রজ্ঞাপন মোতাবেক ২ বছরের স্থলে ৪ বছর অতিক্রম করলেও শাখায় নিয়োগকৃত শিক্ষকদের এমপিওভুক্ত করা হয়নি। তারা আরও বলেন, প্রায় ৪ থেকে ৫ শত এমপিও বঞ্চিত শিক্ষক রয়েছেন। যারা অন্যান্য বিদ্যালয়ে ১০ থেকে ১১ বছর শিক্ষকতা করেছেন। যাতায়াতের সুবিধার্থে পূর্বের প্রতিষ্ঠান পরিবর্তন করে সরকারের প্রজ্ঞাপন অনুযায়ী নতুন প্রতিষ্ঠানে যোগদান করেও দীর্ঘদিন ধরে এমপিওভুক্ত না হওয়ায় পরিবার-পরিজন নিয়ে মানবিক জীবনযাপন করছেন। তারা মানসিকভাবেও ভেঙে পড়েছেন।